



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন  
কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা ১০০০

তদন্ত বিভাগ

([www.badc.gov.bd](http://www.badc.gov.bd))

তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০১৯

স্মারক নং ১২.০৬.০০০০.২১৬.৩২.০০১.১৮-১৪১

বিষয়: তথ্য অধিকার বিধিমালা ২০০৯ মোতাবেক তথ্য সরবরাহ প্রসংগে।

সূত্র: ১। কৃষি মন্ত্রণালয়, প্রশাসন-৪ অধিশাখা এর স্মারক নং ১২.০০.০০০০.০২২.০৪.০০২.১৯-৫২৫, তারিখ: ০২ সেপ্টেম্বর ২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জনাব আশরাফুল হক, পিতা-জাবেদ আলী, ৫৮/৩ লেক সার্কাস, কলাবাগান, ঢাকা গত ২৯ আগস্ট ২০১৯ তারিখে কৃষি মন্ত্রণালয় বরাবর আবেদন করে জানতে চেয়েছেন যে, ক) কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট কয়টি মামলা সুপ্রিম কোর্ট ও হাইকোর্টে চলমান আছে? এর মধ্যে রিট, আপিল ও রিভিউ মামলার সংখ্যা কত? খ) কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের বিরুদ্ধে কয়টি কনটেম্পট মামলা চলমান? গ) কৃষি মন্ত্রণালয়ের অধীন দপ্তর, অধিদপ্তর ও সংস্থা সম্পর্কিত মামলা কয়টি? ঘ) ২০১৮ সালের ০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত এক বছরে কৃষি মন্ত্রণালয় ও অধিনস্থ দপ্তর সংশ্লিষ্ট মোট কতটি নতুন মামলা হয়েছে? এই সময় নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা কত? বর্ণিত তথ্যাদি (বিএডিসি'র অংশ) আগামী ১১/০৯/২০১৯ তারিখের মধ্যে কৃষি মন্ত্রণালয়ে সরবরাহ করার নিমিত্ত আবেদনপত্রটি গত ০৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখে চেয়ারম্যান, বিএডিসি, ঢাকা বরাবর প্রেরণ করা হয়েছে (সংলগ্নী-১)।

২. তথ্য অধিকার আইন ২০০৯ এর ধারা ৯(১) মোতাবেক আবেদনকারীকে সর্বোচ্চ ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে তথ্য সরবরাহের নির্দেশনা রয়েছে। নির্ধারিত কার্যদিবসের মধ্যে যুক্তিযুক্ত কারণ ছাড়া আবেদনকারীকে কোন তথ্য সরবরাহ করা না হলে তথ্য অধিকার আইন ২০০৯ এর ধারা ২৭ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার জরিমানা ও শাস্তির বিধান রাখা হয়েছে।

৩. বিষয়টির গুরুত্ব বিবেচনাপূর্বক আবেদনকারীর যাচিত তথ্যাদি আগামী ১১ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক (তদন্ত) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সদর দপ্তর তথ্য প্রদান ইউনিট বিএডিসি, ঢাকা বরাবর (হার্ডকপি ও সফটকপি [ferdousbadc@gmail.com](mailto:ferdousbadc@gmail.com)) প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

বিষয়টি অতীব জরুরী

(মোঃ ফেরদৌস রহমান)

পরিচিতি নং ০১০০১২

মহাব্যবস্থাপক (তদন্ত)

বিএডিসি, ঢাকা

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

সদর দপ্তর তথ্য প্রদান ইউনিট

ফোন: ৯৫৫২৭৭৪।

বিতরণ(কার্যার্থে):

১। উপপরিচালক (আইন), বিএডিসি, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, বিএডিসি, ঢাকা।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

৩। কো-অর্ডিনেটর (আইসিটি সেল), বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।